



ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

সমগ্র ইসলামিক ফাউন্ডেশনকে ডিজিটাল প্রযুক্তির আওতায় আনা হবে ইফা মহাপরিচালক

ঢাকা, ২৩ অক্টোবর, ২০১৬ ॥

ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল বলেছেন, সমগ্র ইসলামিক ফাউন্ডেশনকে ডিজিটাল প্রযুক্তির আওতায় আনা হবে। ইফার সকল কার্যক্রমকে ডিজিটালাইজড করার ব্যাপারে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে। এ ধারাকে অব্যাহত রাখতে পারলে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্য অর্জনের পথে সরকার আরো এক ধাপ এগিয়ে যাবে। গত শুক্রবার (২১ অক্টোবর, ২০১৬) রাজধানীর বসুন্ধরা কনভেনশন সিটিতে আয়োজিত ডিজিটাল মেলা ‘ডিজিটাল ওয়ার্ল্ড ২০১৬’ এ ইসলামিক ফাউন্ডেশনের স্টল পরিদর্শনকালে তিনি এসব কথা বলেন। ইসলামিক ফাউন্ডেশনের স্টলে ইসলামিক ফাউন্ডেশনের আওতায় পরিচালিত বিভিন্ন ডিজিটাল নাগরিক সুবিধা প্রদানের কার্যক্রমগুলো মেলায় আগত দর্শনার্থীদের সামনে উপস্থাপন করা হয়। এ স্টলটির সার্বিক ব্যবস্থাপনায় ছিল ইসলামিক ফাউন্ডেশনের আইসিটি বিভাগ। ইসলামিক ফাউন্ডেশন ছাড়াও মেলায় প্রায় ৪০ টি মন্ত্রণালয় তাদের সেবা কার্যক্রম তুলে ধরে।

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬